

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
পল্লী ভবন
৫ কাওরান বাজার, ঢাকা।
www.brdb.gov.bd

অংশীজনের অংশগ্রহণে সভার কার্যবিবরণী

সভাপতি	: মোঃ হাসানুল ইসলাম এনডিসি
	পরিচালক (প্রশাসন), অতিরিক্ত সচিব
সভার স্থান	: বিআরডিবি'র সম্মেলন কক্ষ
তারিখ	: ২২ আগস্ট ২০১৯ খ্রি।
সময়	: বিকাল ০২.০০ ঘটিকা

সভায় উপস্থিতি পরিশিষ্ট 'ক ' -তে ।

সভাপতি উপস্থিতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০১৯-২০ এর প্রতিটি সূচক অনুসারে আলোচনা করেন। তিনি সরকারী কাজে স্বচ্ছতা আনয়নের উপর গুরুত্বারোপ করেন। তিনি বলেন যে, সরকারী কাজে প্রজাতন্ত্রের কর্মচারীদের প্রচলিত ধ্যান-ধারণা ধ্যান পরিবর্তন করে জনসেবামূল্য করার জন্য জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে।

সভাপতি জানান যে, সমৃদ্ধশালী সোনার বাংলাদেশ গড়ার জন্য জাতীয় জীবনের সকল ক্ষেত্রে শুদ্ধাচার প্রয়োজন। দেশীয় ও আন্তর্জাতিক পর্যায়ে উত্তম চৰ্চার অনুসরন করা দরকার। তিনি জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের নিমিত্ত সকল কর্মকর্তাকে জনকল্যাণে স্বচ্ছতা ও দক্ষতার সাথে কাজ করার জন্য অনুরোধ জানান।

সভাপতি বিভিন্ন সভা, ভিডিও কনফারেন্স, প্রশিক্ষণ, সেবাবক্ষেত্রে তথ্য হালনাগাদকরণ, বার্ষিক উদ্বাবন কর্মপরিকল্পনা, ইজিপি, জিআরএস, পরিদর্শন, নথির শ্রেণী বিন্যাস বিন্যাসকরণ/বিনষ্টকরণ, বার্ষিক ক্রয় পরিকল্পনা সংক্রান্ত সকল কার্যক্রম লক্ষ্যমাত্রা অনুযায়ী যথাসময়ে বাস্তবায়নের বিষয়ে নির্দেশনা প্রদান করেন।

বার্ষিক ক্রয় কর্মপরিকল্পনা ২০১৯-২০ বাস্তবায়নের বিষয়ে জানতে চাইলে উপপরিচালক (জনসংযোগ ও সমষ্ট শাখা) জানান যে, বিআরডিবি কর্তৃক বাস্তবায়নাধীন বিভিন্ন প্রকল্পের ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক ক্রয় কর্মপরিকল্পনা প্রণয়নপূর্বক ওয়েব সাইটে প্রকাশ করা হয়েছে এবং বাস্তবায়নের কার্যক্রম চলমান আছে।


জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় বিভিন্ন কার্য সম্পাদনের সময়সীমা নির্ধারিত আছে এবং সংশ্লিষ্ট কর্মকর্তাদের দায়িত্ব বন্দনের বিষয়টিও সেখানে উল্লেখ রয়েছে বিধায় নির্ধারিত সময় সীমার মধ্যে সংশ্লিষ্ট সকলকে তার নিজ নিজ দায়িত্ব পালন করা অত্যাবশ্যক। অন্যথায়, শুদ্ধাচার কর্মপরিকল্পনার লক্ষ্য ও উদ্দেশ্য ব্যাহত হবে। এতে এ সংস্থার সামগ্রিক পারফর্মেন্স ব্যাহত হতে পারে। এ জন্য সংশ্লিষ্ট সকলকে শুদ্ধাচার কর্মপরিকল্পনায় উল্লেখিত সময় সীমার মধ্যে কার্যক্রম সম্পন্ন করার অনুরোধ জানান।

বিস্তারিত আলোচনার পর নিম্নরূপ সিদ্ধান্ত গৃহিত হয় :-

- ১) বিআরডিবি'র উত্তমচৰ্চাসমূহের তালিকা প্রণয়নপূর্বক মন্ত্রণালয়ে প্রেরণ ও ওয়েবসাইটে আপলোড করতে হবে;
- ২) লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্ন করতে হবে;
- ৩) লক্ষ্যমাত্রা অনুযায়ী ইজিপি কার্যক্রম বাস্তবায়ন করতে হবে;
- ৪) ভিডিও কনফারেন্স-এর আয়োজন করতে হবে;
- ৫) জরুরী পত্রাদি/নোটিশ প্রেরণের ক্ষেত্রে ই-মেইল ও এস এম এস-এর মাধ্যমে সংশ্লিষ্ট সকলকে অবগত করতে হবে;

- ৬) সিটিজেন চার্টার অনুযায়ী ১০০% সেবা নিশ্চিত করতে হবে;
- ৭) শাখা প্রধানগণ তাদের স্ব স্ব শাখার কার্যক্রম বাস্তবায়নের জন্য যথাযথ মনিটরিং-এর ব্যবস্থা গ্রহণ করবেন;
- ৮) ১ম কোয়ার্টারে লক্ষ্যমাত্রা অনুযায়ী ১০০% অর্জন নিশ্চিত করতে হবে;

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



 মোঃ হাসানুল ইসলাম এনডিসি
 পরিচালক (প্রশাসন)
 ফোনঃ ৮১৮০০০৮
 E-mail:dradmn@brdb.gov.bd

স্মারক নং-৪৭.৬২.০০০০.১০২.২২.৩৯৮.১৯.৭৫৭০

তারিখঃ ২৫ আগস্ট ২০১৯ খ্রি।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। উপপরিচালক, (সকল জেলা).....জেলা, বিআরডিবি।
- ২। উপপরিচালক,.....বিআরডিবি, ঢাকা।
- ৩। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
- ৪। জনাব/বেগম.....
- ৫। সংশ্লিষ্ট নথি।


 ২৫.০৮.১৯
 আকাছ আলী
 উপপরিচালক (জনসংযোগ ও সমষ্ট শাখা)
 ফোনঃ ৮১৮০০১৮
 E-mail:ddprc@brdb.gov.bd